



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখঃ ১৩/০২/২০১৭

ববি উপাচার্যের সাথে প্রফেসর ড. আইনুন নিশাত এর সৌজন্য সাক্ষাৎ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক এর সাথে সৌজন্য সাক্ষাতে মিলিত হয়েছেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন পানি ও জলবায়ু বিশেষজ্ঞ ব্রাক বিশ্ববিদ্যালয়ের অ্যামেরিটাস প্রফেসর ড. আইনুন নিশাত। গত ১২ ফেব্রুয়ারি ২০১৭ তারিখ সন্ধ্যা ৬ টায় উপাচার্য মহোদয়ের কার্যালয়ে তিনি এ সৌজন্য সাক্ষাতে মিলিত হন। এ সময় তাঁরা উভয়ের পারস্পারিক কুশালাদি বিনিময় করেন। ড. আইনুন নিশাত সম্পর্কে বলতে গিয়ে ববি উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক বলেন, আমাদের দুজনের দীর্ঘ ৫৭ বছরের বন্ধুত্ব, আমরা একসাথে বিভিন্ন জাতীয় এবং আন্তর্জাতিক সেমিনার ও সিম্পজিয়ামে যোগদান করেছি। এভাবে তাঁর সাথে আমার অনেক স্মৃতি রয়েছে। এ সময় উপাচার্য মহোদয় বরিশাল বিশ্ববিদ্যালয়ে সদ্য চালু হওয়া কোস্টাল স্টাডিজ এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগের শিক্ষার্থীদের জন্য একটি সেমিনারে তাঁকে আমন্ত্রণ জানান এবং তিনি তা গ্রহণ করেন।

কর্তৃপক্ষের নিদেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়
(b.university.pro@gmail.com)